(ISO 9001:2015 Certified)

# ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি
FARIDPUR PALLI BIDYUT SAMITY

**মানব সম্পদ, সদর দপ্তর**
কানাইপুর, ফরিদপুর
faridpurpbs17@gmail.com
website: pbs.faridpur.gov.bd



স্মারক নং- ২৭.১২.২৯৪৭.৫৪৭.০২.০০৮.২৬.০৬৫৮

তারিখঃ- ২৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির "লাইন টেকনিশিয়ান" শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এবং ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে(A-4 সাইজ কাগজে) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান ০৪ টি (কম/বেশী হতে পারে) | (ক) এসএসসি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইন ক্রু হিসেবে মোট চাকুরীকাল ন্যূনতম ১০(দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় ট্রেনিং এ উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষন জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) লাইনক্রুগনকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(ঝ) সর্বশেষ ০৪ (চার) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(জ) ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ করতে হবে।<br>(ঞ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, শিক্ষানবিশ লাইনম্যান পদে চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, প্রথম নিয়মিত করণের তারিখ, লাইনম্যান গ্রেড-১ পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ, উক্ত পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশ গ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্র আগামী ২৭/০৮/২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ারযোগে/হাতে হাতে ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো। আবেদনকারীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
আবেদনকারী প্রার্থীগনের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে বাপবিবো স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫২.০০০২.২৬.৭০০, তারিখ-১২/০৪/২০২৬ খ্রি. এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০২। আবেদন পত্রের সহিত নিম্ন বর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত অনুলিপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত অনুলিপি।
(গ) বিগত ০৪(চার) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত অনুলিপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র /কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
(চ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি (মুল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।
(ছ)সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(জ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে দন্ড থাকলে দন্ডের বিবরণসহ এবং দন্ড না থাকলেও সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

(ক) কোন কর্মচারীর উপর কোন দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বছর এবং গুরু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ (দুই) বছর যোগ্য হিসেবে বিবেচিত হবেন না (দন্ডাদেশে দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লিখিত সময়কাল গণনা শুরু হবে);

(খ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন চলমান থাকলে;

(ঘ) প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে;

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন অথবা সার্ভিস কোড/নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা পযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ বেতন প্রত্যয়ন অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৬। ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকা তথা ফরিদপুর জেলা, মাগুরা জেলার মহম্মদপুর উপজেলার মহম্মদপুর ও পলাশবাড়িয়া ইউনিয়ন, নড়াইল জেলার লোহাগড়া উপজেলার লোহাগড়া, জয়পুর ও শালনগর ইউনিয়ন এবং মানিকগঞ্জ জেলার হরিরামপুর উপজেলার আজিমপুর, সুতালড়ি ও লেছড়াগঞ্জ ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) প্রতিপালন করা হবে।

০৮। অত্র সমিতির কর্মচারী(গণ) এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয়(First Blood) বা সমিতির কর্মচারী(গণ) এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয়(First Blood) এবং একই ভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা পরিচালক(গণ) এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয়(First Blood) অত্র সমিতিতে নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

০৯। তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগপ্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে

১০। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন করতে পারবেন না।

১১। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে/ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/০৮/২০২৬
(এস. এম. নাসির উদ্দীন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, সদর-কারিগরী, মধুখালী/বোয়ালমারী/নগরকান্দা/ভাঙ্গা জোনাল অফিস, ফরিদপুর পবিস।
০৬। এজিএম (ওএন্ডএম), সালথা/সদরপুর/আলফাডাঙ্গা/চরভদ্রাসন সাব-অফিস, ফরিদপুর পবিস।
০৭। এজিএম (প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/এমএস/আইটি১/২), ফরিদপুর পবিস।
০৮। এজিএম (আইটি), ফরিদপুর পবিস-(বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
০৯। নোটিশ বোর্ড, ফরিদপুর পবিস।
১০। অফিস/মাস্টার কপি।

১১/০৮/২০২৬
(এস. এম. নাসির উদ্দীন)
সিনিয়র জেনারেল ম্যানেজার